

বাকুবির শিক্ষার্থীদের সেশনজট্টে পড়ার আশংকা

■ বাকুবির সর্বোদমতা

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস পরীক্ষা বর্জন করে আন্দোলন চালিয়ে যাওয়ায় ওই অনুষদের শিক্ষার্থীরা সেশনজট্টে পড়তে যাচ্ছে।

প্রাণিসম্পদ ক্যাডারে এন্টি সেভেল ওধুযাত্র ৫ বছর মেয়াদী ডিডিএম (ভট্টর অর ভেটেরিনারি মেডিসিন) গ্রাজুয়েটদের নিয়োগদান, ঢাকার প্রাণিসম্পদ অধিদপ্তরে ডাক্তারের ঘটনায় দায়েরকৃত মামলা প্রত্যাহারসহ বিভিন্ন দাবিতে এ আন্দোলন চলাছে।

পত ১১ এপ্রিল ৩১তম বিসিএস-এর প্রাণিসম্পদ ক্যাডারে অনুষ্ঠিত যৌক্তিক পরীক্ষায় বিশেষজ্ঞ সদস্য হিসেবে বাকুবির পাঁচ শিক্ষকের মধ্যে চারজন আনিমেল হাজবেন্ডি

অনুষদের শিক্ষক অংশ নেন। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ভেটেরিনারি অনুষদের শিক্ষার্থীরা ক্লাস পরীক্ষা বন্ধ রেখে ঢাকায় পিএমসি অফিস ঘেরাও, বিক্ষোভসহ প্রাণিসম্পদ অধিদপ্তরে ডাক্তার করে। এ ঘটনায় প্রাণিসম্পদ অধিদপ্তর বাংলাদেশ ভেটেরিনারি অ্যাসোসিয়েশন ও ভেটেরিনারি স্টুডেন্টস ফেডারেশনের পাঁচ নেতা-কর্মীর নামে মামলা দায়ের করে।

এ বিষয়ে ভেটেরিনারি ছাত্র সমিতির সাধারণ সম্পাদক নাজমুল হক বলেন, ভেটেরিনারি শিক্ষার্থীরা তাদের যৌক্তিক দাবিতে আন্দোলন চালিয়ে যাচ্ছে। দাবি আদায় না হওয়া পর্যন্ত ক্লাস পরীক্ষা বর্জন অব্যাহত থাকবে।

এ ব্যাপারে বাকুবি উপাচার্য অধ্যাপক ড. রফিকুল হক ভেটেরিনারি শিক্ষার্থীদের ক্লাসে ফেরার আহবান জানিয়ে বলেন, তাদের দাবির কথা সর্বশ্রম মহলে জানানো হয়েছে।